

Co-Chairpersons:
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain

Members:
Shaban Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

Chittagong Hill Tracts Commission

বিবৃতি

নানিয়াচর উপজেলা চেয়ারম্যান এড. শক্তিমান চাকমা হত্যাকাণ্ডের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশনের তীব্র নিন্দা। অবিলম্বে জড়িতদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি।

৪ মে ২০১৮, ঢাকা। নানিয়াচর উপজেলার নির্বাচিত চেয়ারম্যান এড. শক্তিমান চাকমাকে দিনে-দুপুরে গুলি করে হত্যার ঘটনায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক আন্তর্জাতিক কমিশন তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে। এ ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে। এই হত্যাকাণ্ডের সাথে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তিরও জোর দাবি জানাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করেছে যে, সম্প্রতি পার্বত্য চট্টগ্রামে একের পর এক হত্যাকাণ্ড, অপহরণের মতন ঘটনা সংঘটিত হচ্ছে। কিন্তু এসব ঘটনায় জড়িতদের গ্রেপ্তারের কোন খবর এখনো শোনা যায়নি। সংঘটিত এসব ঘটনা সম্পর্কে স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলাবাহিনীর নীরব ভূমিকা নিয়ে তাই যথেষ্ট সন্দেহের অবকাশ রয়েছে। বর্তমান সরকার পার্বত্য চুক্তি বাস্তবায়নের মাধ্যমে পাহাড়ে স্থায়ী শান্তি ফিরিয়ে আনার অঙ্গীকার যেখানে পুনর্বীর ব্যক্ত করছে সেখানে স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলাবাহিনীর এমন নীরব ভূমিকা মোটেও কাম্য নয়।

ভবিষ্যতে পার্বত্য চট্টগ্রামে যাতে আর কোন হত্যাকাণ্ড ও অপহরণের মতন ঘটনা সংঘটিত না হয় সেজন্য পার্বত্য চট্টগ্রাম কমিশন স্থানীয় প্রশাসন ও সরকারকে এ বিষয়ে আরও সোচ্চার থাকতে জোরালো আহ্বান জানাচ্ছে।

পরিশেষে পার্বত্য চট্টগ্রাম কমিশন চেয়ারম্যান এড. শক্তিমান চাকমা হত্যাকারীদের অবিলম্বে গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছে। একইসাথে অতীতে সংঘটিত হত্যাকাণ্ড ও অপহরণের সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করারও দাবি জানাচ্ছে।

ধন্যবাদসহ

সুলতানা কামাল
কো-চেয়ারপার্সন
পার্বত্য চট্টগ্রাম কমিশন

এলসা স্টামাতোপৌলৌ
কো-চেয়ারপার্সন
পার্বত্য চট্টগ্রাম কমিশন

মির্না কানিংহাম কেইন
কো-চেয়ারপার্সন
পার্বত্য চট্টগ্রাম কমিশন

সদস্য: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি' কস্টা।

উপদেষ্টা: ইয়েনেকি এরেঞ্জ, টম এক্সিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।

International Secretariat:
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06
E-mail: cn@iwgia.org
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com
www.chtcommission.org

Chittagong Hill Tracts Commission

Co-Chairpersons:

Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain

Members:

Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

International Secretariat:

C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark

Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06

E-mail: cn@iwgia.org

Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com

www.chtcommission.org